



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/৮৩১৬

তারিখঃ ১২/১০/১৪

বিষয় :- উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ফিন্যান্স ব্যাংকিং ও বিমা বিষয়ের পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান।

সূত্র : অধ্যক্ষের স্মারক নং- ব.ব.ক.ম.ম/নাজির/২০১৪/২৪৩, তারিখঃ ২১/০৫/২০১৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ২৯/০৯/২০১৪ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব মহিলা মহাবিদ্যালয়, ডাকঘরঃ নাজিরপুর, উপজেলাঃ নাজিরপুর, জেলাঃ পিরোজপুর-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে ০১/০৭/২০১৩ হতে ৩০/০৬/২০১৫ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা বিষয়ের পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। পাঠদানের অনুমতির এ সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষা বর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে। তন্মধ্যে ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং ৫০% পাশ করতে হবে।
- ০২। কলেজের শিক্ষার মান উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে
- ০৩। জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
- ০৪। কলেজের ভবন ও আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৫। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৬। গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৭। জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাশ রুটিন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে
- ০৮। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৯। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ১০। ব্যবহারিক ক্লাস ও ক্লাসে শিক্ষার্থীদের হাজিরা নিশ্চিত করতে হবে

১২.১০.২০১৪

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬৪৭৪৫।

অধ্যক্ষ

বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব মহিলা মহাবিদ্যালয়
ডাকঘর : নাজিরপুর, উপজেলা : নাজিরপুর, জেলা : পিরোজপুর।

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
- ০৩। সংরক্ষণ নথি।